গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
তদন্ত ও শৃঙ্খলা শাখা
মিরপুর-২, ঢাকা- ১২১৬
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.০১.০০.০০.৩০০.২৭.০৬৮.১৭- ৫২২

তারিখঃ ১৬/৫/ ১৪২৫। / ২৮/৮/ ২০১৮

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব সরকার মোঃ রিয়াজুল ইসলাম, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ (সাবেক ভারপ্রাপ্ত উপজেলা শিক্ষা অফিসার, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (বি) উপবিধি অনুযায়ী অসদাচরণের অভিযোগে ১৫.০১.২০১৮ তারিখে বিভাগীয় মামলা (বিমা-০৪/১৮) রুজু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ২৫.০১.২০১৮ তারিখে লিখিত জবাব দাখিল করেন এবং ০৬.০৮.২০১৮ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার দাখিলকৃত জবাব, ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য, অভিযোগনামা ও অভিযোগ বিবরণী এবং বিভাগীয় মামলার প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় তাকে ভবিষ্যতের জন্য সতর্ক করে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৭ (২)(এ) [বর্তমানে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৭ (২) (ক)] উপবিধি মোতাবেক জনাব সরকার মোঃ রিয়াজুল ইসলাম, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ (সাবেক ভারপ্রাপ্ত উপজেলা শিক্ষা অফিসার, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ)-কে ভবিষ্যতের জন্য সতর্ক করে, বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

ড. মোঃ আবু হেনা মোস্তফা কামাল, এনডিসি
মহাপরিচালক

স্মারক নং- ৩৮.০১.০০০০.৩০০.২৭.০৬৮.১৭- ৫২২/১২

তারিখঃ ১৬/৫/ ১৪২৫। / ২৮/৮/ ২০১৮

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলোঃ

১. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।
৩. পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৪. উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৫. উপপরিচালক (তঃ ও শৃঃ/প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৬. উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৭. সিস্টেম ম্যানেজার (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (প্রজ্ঞাপনটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
৮. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চাঁপাইনবাবগঞ্জ।
৯. উপজেলা শিক্ষা অফিসার, শিবগঞ্জ/নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।
১০. জনাব সরকার মোঃ রিয়াজুল ইসলাম, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ (সাবেক ভারপ্রাপ্ত উপজেলা শিক্ষা অফিসার, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ)।
১১. ব্যক্তিগত সহকারী, মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২. সংরক্ষণ নথি।

মোঃ আবুল কাশেম মিয়া
সহকারী পরিচালক (তঃ ও শৃঃ)
ফোন: ৫৫০৭৪৮৮০

প্রধানের সিস্টেম এনালিস্ট (পিইডিপি-৩)
সিস্টেম এনালিস্ট (অঃ দাঃ)
প্রোগ্রামার-১
প্রোগ্রামার-২
সহঃ প্রোগ্রামার-১
সহঃ প্রোগ্রামার-২
সহঃ মেইনঃ ইঞ্জিনিয়ার-১
সহঃ মেইনঃ ইঞ্জিনিয়ার-২
সিস্টেম ম্যানেজার (আইএমডি)